ভোরের কাগজ

29 2002

# রুখে দাঁড়িয়েছে রোকেয়া হলের ছাত্রীরা

## হল দখলে রাখার ঘোষণা ❑ পানি-বিদ্যুৎ বন্ধ করে দিয়েছিল কর্তৃপক্ষ

কাগজ প্রতিবেদক : উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী গতকাল সকাল ৮টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীকে নিজ নিজ হল ত্যাগের নির্দেশ দিলেও রোকেয়া হলের ছাত্রীরা উপাচার্যের সে নির্দেশ মানেনি। তারা হলটিকে নির্যাতিতদের হল হিসেবে ঘোষণা দিয়ে হলটি দখলে রাখার ঘোষণা দেয়। অপরদিকে আন্দোলনরত ছাত্রছাত্রীরা রোকেয়া হলের সামনের রাস্তাটিকে 'মুক্তাঞ্চল' হিসেবে ঘোষণা করে। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকাল থেকে রোকেয়া হলে বিদ্যুৎ এবং পানির সরবরাহ বন্ধ করে দিয়েছে।

শনিবার রাতে উপাচার্যের অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সঙ্গে সঙ্গেই রোকেয়া হলের ছাত্রীরা এর প্রতিবাদ জানায়। তারা হলের প্রভোস্ট তাজমেরী এস এ ইসলামকে হলের মধ্যে কয়েক ঘণ্টা আটকে রেখে তাকে উপাচার্যের এ সিদ্ধান্ত না মানার ঘোষণা দেওয়ার জন্য দাবি জানায়।

রাতব্যাপী উপাচার্যের এ সিদ্ধান্তের প্রতিবাদে ছাত্রীরা আন্দোলন চালিয়ে যায়। সকালে অন্য তিন হলের ছাত্রীরা হল ছেড়ে চলে গেলেও রোকেয়া হলের ছাত্রীরা হলেই অবস্থান করে। সকালে তারা হলের প্রধান ফটক খুলে হলটিকে তাদের দখলে রাখার ঘোষণা দেয়।

সকালে মৈত্রী এবং ফজিলাতুন নেসা মুজিব হলের

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## রুখে দাঁড়িয়েছে রোকেয়া হলের

● প্রথম পাতার পর

দুশতাধিক ছাত্রী এই হলে আসে।

অপরদিকে ছাত্রছাত্রীরা সকালে রোকেয়া হলসংলগ্ন রাস্তাটিকে 'মুক্তাঞ্চল' হিসেবে ঘোষণা দেওয়ার পর এই এলাকায় কোনো পুলিশ বাহিনীর সদস্য বা কোনো প্রকার যানবাহনকে এর মধ্যে প্রবেশ করতে দেয়নি। রোকেয়া হলে কর্তৃপক্ষ সারাদিন বিদ্যুৎ, পানি সরবরাহ বন্ধ করে দিলেও রাতে তা আবার ঠিক করে দেয় বলে হলের ছাত্রীরা জানায়।